ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৭৮

আগরতলা, ২৩ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'রেগার কাজ ঠিকভাবে হচ্ছে না, মার খাচ্ছে প্রকল্পের উদ্দেশ্য' শিরোনামে ১৯-০৭-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে ধলাই জেলার জেলাশাসকের কার্যালয় থেকে এক স্পষ্টিকরণ দেওয়া হয়েছে। স্পষ্টিকরণে দুর্গাচৌমুহনী আর ডি ব্লকের বিডিও-র রিপোর্টের ভিত্তিতে জানানো হয়েছে যে, হালাহালি গ্রাম পঞ্চায়েতে রেগার কাজ সমস্ত নির্দেশিকা ও নিয়ম মেনেই বাস্তবায়ণ করা হচ্ছে। প্রতি বছর গ্রামবাসীদের সাক্ষী রেখে সোশ্যাল অডিট করা হয়ে থাকে। এখন পর্যন্ত প্রত্যেক ব্যক্তির কাজের যে মাস্টার রোল চালু রয়েছে সেই অনুযায়ী এফটিও করা হচ্ছে। তাছাড়া রেগার কোন কাজের গুণমান নিয়ে পঞ্চায়েতের কাছে কোন অভিযোগ আসেনি।

*******